যুগান্তর

তারিখ 18 JUN 2013
পৃষ্ঠা ... কলাম ৪

সুপ্রিমকোর্টে আবেদন নিষ্পত্তি

# নটর ডেম ছাড়া জিপিএ'র ভিত্তিতেই কলেজে ভর্তি

যুগান্তর রিপোর্ট

ভর্তি পরীক্ষা ছাড়াই জিপিএ'র ভিত্তিতে কলেজে ভর্তিবিষয়ক শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালার কার্যকারিতা স্থগিত করে হাইকোর্টের দেয়া আদেশ সংশোধন করে দিয়েছেন আপিল বিভাগ। প্রধান বিচারপতি মো. মোজাম্মেল হোসেনের নেতৃত্বাধীন ৫ সদস্যের বেঞ্চ সরকারের আবেদন নিষ্পত্তি করে সোমবার এ আদেশ দিয়েছেন। আপিল বিভাগ তার আদেশে বলেছেন, হাইকোর্টের আদেশটি

ভর্তি : পৃষ্ঠা ১৪ : কলাম ৪

## ভর্তি : জিপিএ'র ভিত্তিতেই

(১ম পৃষ্ঠার পর)

শুধু নটর ডেম কলেজের ক্ষেত্রে প্রযোজ্য হবে। অর্থাৎ সারাদেশের অন্য কলেজগুলো ওই নীতিমালা অনুযায়ী জিপিএ'র ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করতে পারবে। আদেশের পর ডেপুটি অ্যাটর্নি জেনারেল ইকরামুল হক টুটুল সাংবাদিকদের বলেছেন, এ আদেশের ফলে শিক্ষা মন্ত্রণালয়ের ঘোষিত নীতিমালা অনুযায়ী (নটর ডেম কলেজ ছাড়া) কলেজের ভর্তির ক্ষেত্রে জিপিএ'র ভিত্তিতে রেজাল্ট প্রকাশে এবং ভর্তিতে কোনো বাধা নেই।

শিক্ষা মন্ত্রণালয় ১৬ মে কলেজে ভর্তিবিষয়ক একটি নীতিমালা ঘোষণা করে। এতে বলা হয়, এসএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ'র ভিত্তিতে কলেজে শিক্ষার্থী ভর্তি করতে হবে। কোনো প্রকার ভর্তি পরীক্ষা নেয়া যাবে না। কিন্তু পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করতে ইচ্ছুক নটর ডেম কলেজ কর্তৃপক্ষ সরকারি এ নীতিমালা চ্যালেঞ্জ করে ৩০ মে হাইকোর্টে একটি রিট আবেদন করেন। এ আবেদনে বাদী হন কলেজের প্রিন্সিপাল ফাদার হেমন্ত রোজারিও।

এ আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি এম মোয়াজ্জেম হোসেন ও বিচারপতি হাবিবুল গনির সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ ২ জুন ওই নীতিমালার কার্যকারিতা ৬ মাসের জন্য স্থগিত করেন। একই সঙ্গে রুল জারি করেন। রুলে কলেজে ভর্তিবিষয়ক শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা কেন বেআইনি ও অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চাওয়া হয়। চার সপ্তাহের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও ঢাকা শিক্ষা বোর্ড কলেজ শাখার ইন্সপেক্টরকে এর জবাব দিতে বলা হয়। এদিকে এ আদেশের ফলে রোববার এক বিজ্ঞপ্তিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কলেজে ভর্তির ফলাফল প্রকাশ স্থগিত করে।

এদিকে হাইকোর্টের আদেশের বিরুদ্ধে সরকার পক্ষ আপিল বিভাগে আবেদন করে। সোমবার আদালত হাইকোর্টের আদেশ সংশোধন করার পাশাপাশি রুল জারির বিষয়টি ৪ সপ্তাহের মধ্যে নিষ্পত্তিরও আদেশ দিয়েছেন। নটর ডেম কলেজের পক্ষে আইনজীবী ছিলেন ড. এম জহির ও ব্যারিস্টার নইম গনি। সরকার পক্ষে ছিলেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম।